

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৭
কাঞ্চনপুর, ১২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

কাঞ্চনপুর মহকুমায় সাধারণ পর্যবেক্ষকের উপস্থিতিতে সভা

আসন্ন লোকসভার ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে গত ১০ এপ্রিল কাঞ্চনপুর ডাকবাংলোয় সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্র প্রতাপ সিং-এর উপস্থিতিতে ভোটের প্রস্তুতি নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সহকারি রিটার্নিং অফিসার তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ, বিডিওগণ, মহকুমার ডিসিএমগণ, সেক্টর অফিসারগণ, নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসারগণ সহ অন্যান্য আধিকারিকগণ। সভায় সাধারণ পর্যবেক্ষক কাঞ্চনপুর মহকুমায় নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের খোঁজখবর নেন। ভোট কেন্দ্রগুলিতে পরিকাঠামোর সুযোগ সুবিধা সুনিশ্চিত করতে তিনি গুরুত্বারোপ করেন। নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সুষ্ঠুভাবে ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করতে সংশ্লিষ্টদের প্রতি তিনি অনুরোধ জানান।
